টিজি – ফেম সিরিজ
(টার্গেট গ্রুপ আর্থিক সচেতনতা বার্তা)




# বিত্তীয় সাক্ষরতা



## বরিষ্ঠ নাগরিকদের জন্য

বিত্তীয় অন্তর্ভুক্তি ও উন্নয়ন বিভাগ, ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক

| বার্তা - ১ |
|---|
| পনজি যোজনা ও স্ক্যাম সম্পর্কে সাবধান হোন |

| বার্তা - ২ |
|---|
| ব্যাঙ্ক ও ব্যাঙ্কিং ওমবাড্সম্যান-এ নালিশ নথিভুক্ত করার পদ্ধতি জানুন |


| বার্তা - ৩ |
|---|
| এস্টেট পরিকল্পনা করার সাধন |

| বার্তা - ৪ |
|---|
| আপনি পেনশনার হলে আপনার খুশি হওয়ার যথেষ্ট কারণ আছে |

| বার্তা - ৫ |
|---|
| অবসর জীবনের পর উপযুক্ত বিনিয়োগ যোজনা |



## বার্তা ১ - পনজি যোজনা ও স্ক্যাম সম্পর্কে সাবধান হোন



## রিপোর্ট করুন ও রেগুলেটরদের সাহায্য করুন

স্ক্যাম রিপোর্ট করুন

পনজি যোজনা সম্বন্ধে রিপোর্ট করুন

আরবিআই, সেবি, আইআরডিএআই, এনএইচবি দ্বারা নিয়ন্ত্রিত সত্তাগুলি সম্বন্ধে আরও বেশী জানুন

আপনার অভিযোগ নথিবদ্ধ করুন ও গতিবিধি সম্বন্ধে ওয়াকিবহাল থাকুন

আপনার অভিযোগ নথিবদ্ধ করুন ও গতিবিধি সম্বন্ধে ওয়াকিবহাল থাকুন

সচেত
An SLCC initiative

www.sachet.rbi.org.in

বিভিন্ন আইন সম্বন্ধে জানুন

অনিয়ন্ত্রিত যোজনাগুলি সম্বন্ধে পড়াশোনা করুন

রেগুলেটরদের সাহায্য করুন

## বার্তা - ২ ঃ ব্যাঙ্ক ও ব্যাঙ্কিং ওমবাড্‌সম্যান-এ নালিশ নথিভুক্ত করার পদ্ধতি জানুন

### নালিশের কারণে প্রতিবিধান

**পদক্ষেপ-১**

ই-মেল, ওয়েবসাইট, গ্রাহক পরিষেবা, টোল-ফ্রি নম্বরের মাধ্যমে আপনার ব্যাঙ্কে অভিযোগ নথিবদ্ধ করুন।

(উত্তর পাওয়ার জন্য ৩০ দিন অপেক্ষা করুন)

**পদক্ষেপ-২**

যদি ব্যাঙ্ক কোনো উত্তর না দেয় বা উত্তর আপনার মনের মতো না হয় তো ব্যাঙ্কিং ওম্বাড্‌সম্যান-এর কাছে যান। সমস্ত ব্যাঙ্কিং ওম্বাড্‌সম্যানের যোগাযোগের বিবরণ ও এক্তিয়ারের ক্ষেত্র https://bankingombudsman.rbi.org.in এই লিঙ্কে পাওয়া যাবে।

ব্যাঙ্কিং ওম্বাড্‌সম্যানে অভিযোগ ই-মেল, অনলাইন বা ডাক দ্বারা নথিবদ্ধ করা যেতে পারে।

ওম্বাড্‌সম্যান ব্যাঙ্ক ও গ্রাহকের মধ্যে একটি সমঝোতা করার চেষ্টা করবে যা দুজনেরই গ্রহণযোগ্য। তা সম্ভব না হলে ওম্বাড্‌সম্যান, তাঁর কাছে দেওয়া নথিপত্রের ভিত্তিতে এবং সঠিক ঘটনা সামনে রেখে এক সিদ্ধান্ত নেবে যা মান্য বলে গণ্য হবে।

**পদক্ষেপ-৩**

কোনো পরিস্থিতিতে গ্রাহক যদি ওম্বাড্‌সম্যানের সিদ্ধান্তে সহমত না হ'ন তো ৩০ দিনের মধ্যে অ্যাপিলেট অথরিটির কাছে আবেদন জানাতে পারেন।

অ্যাপিলেট অথরিটি ঃ ডেপুটি গভর্নর অফ ইন্ডিয়া

## বার্তা - ৩ ঃ এস্টেট পরিকল্পনা করার সাধন

প্রবীণ নাগরিকদের এস্টেট প্ল্যানিং-এর জন্য অনেক রকম সাধন উপলব্ধ। তার মধ্যে সবচেয়ে জরুরি হচ্ছে মনোনয়ন। যদিও উইল মনোনয়নকে বাতিল করতে পারে।

| | | |
|---|---|---|
| সমস্ত রকম আর্থিক যোজনার জন্য এবং নিরাপদে রক্ষণ ও সুরক্ষিত ডিপোজিট ভল্ট উপলব্ধ। | দ্রুত পাওনাদি মেটানোর ফলে জীবিত পারিবারিক সদস্যদের কষ্ট লাঘব হয়। | সুনিশ্চিত করুন যে আপনার মনোনয়নের অনুরোধ নিবন্ধিত হয়েছে। যখন যখন দরকার মনোনয়ন সমকালীন করুন। |

### অন্যান্য এস্টেট প্ল্যানিং-এর সাধন

- বিশ্বাস
- পাওয়ার অফ অ্যাটর্নি
- দান
- বাটোয়ারা

- উইল
- উত্তরাধিকার
- জীবনবীমা

## বার্তা - ৪ ঃ আপনি পেনশনার হলে আপনার খুশি হওয়ার যথেষ্ট কারণ আছে

পেনশন-এর জন্য আলাদা অ্যাকাউন্ট খোলার দরকার নেই।




পেনশন অ্যাকাউন্ট অন্য শাখায় বা অন্য ব্যাঙ্কে স্থানান্তরিত করা যেতে পারে।

বর্তমান অ্যাকাউন্ট পেনশন পাওয়ার জন্য ব্যবহৃত হতে পারে

মনে করে প্রত্যেক নভেম্বর মাসে আপনার ব্যাঙ্ক শাখায় 'লাইফ সার্টিফিকেট' জমা করুন ও সংশ্লিষ্ট ব্যাঙ্ক থেকে একটি প্রাপ্তিস্বীকার রসিদ সংগ্রহ করুন। যদি গুরুতর অসুস্থতা-অক্ষমতার জন্য লাইফ সার্টিফিকেট না জোগাড় করতে পারেন তো ব্যাঙ্কের আধিকারিক তাকে বাড়িতে বা হাসপাতালে সাক্ষাৎ করে লাইফ সার্টিফিকেট জোগাড় করবেন।

'জীবন প্রমাণ' - আধার এবং মোবাইল ব্যবহারের মাধ্যমে ডিজিটাল সার্টিফিকেট। www.jeevanpramaan.gov.in

## জয়েন্ট অ্যাকাউন্ট ও সময়ের পূর্বে জমা টাকা ওঠানো সম্বন্ধে সূচনা

১ স্বামী বা স্ত্রীর সাথে জয়েন্ট অ্যাকাউন্ট খুলে মনোনয়ন পঞ্জীকৃত করা উচিত বা আপনার অ্যাকাউন্ট পরিচালনার জন্য নির্দেশ দিন ‘‘আইদা অর সাইভাইবার’’ বা ‘‘ফর্মার অর সাইভাইবার’’

২ যদি কোনো কারণে ফিক্সড-টার্ম ডিপোজিট থেকে দরকারের জন্য সময়ের আগে টাকা তুলতে হয় তো সুনিশ্চিত করতে হবে যে টাকা জমা রাখার সময় বা জমার সময়কালে কখনও এই ব্যাপারে ব্যাঙ্ককে আপনি নির্দেশ দিয়েছেন।

৩ যদি আপনি ফিক্সড ডিপোজিটের সময়কালের শেষে টাকা না তোলেন তো ব্যাঙ্ক স্বয়ংক্রিয়ভাবে ডিপোজিটটি আর একটি টার্মের জন্য প্রচলিত সুদের হারে পুনর্নবীকরণ করতে পারে যদি আপনি এই সুবিধার জন্য টাকা জমা দেওয়ার সময় আবেদন করে থাকেন।

## বৃদ্ধ-অসুস্থ-অক্ষম ব্যক্তিদের জন্য ব্যাঙ্ক পরিচালন

১ আপনি যদি বৃদ্ধ, অসুস্থ বা শারীরিকভাবে প্রতিবন্ধী হন তো আপনার বুড়ো আঙুলের ছাপ দিয়ে টাকা তুলতে পারবেন। বুড়ো আঙুলের ছাপটি কিন্তু দু’জন ব্যাঙ্কের পরিচিত স্বতন্ত্র সাক্ষীকে, যার একজন দায়িত্বশীল ব্যাঙ্কের আধিকারিক সনাক্ত করতে হবে।

২ যখন আপনি বুড়ো আঙুলের ছাপও দিতে পারবেন না এবং ব্যাঙ্কেও যেতে পারবেন না, চেক-টাকা তোলার ফর্মে একটি চিহ্ন ব্যবহার করতে পারেন যা দু’জন ব্যাঙ্কের পরিচিত স্বতন্ত্র সাক্ষীকে, যার মধ্যে একজন দায়িত্বশীল ব্যাঙ্ক আধিকারিক, সনাক্ত করতে হবে।

৩ ব্যাঙ্ক আপনাকে জিজ্ঞাসা করতে পারে যে উপরোক্ত চেক-টাকা তোলার ফর্ম নিয়ে কে আপনার টাকা তুলবে। সেই ব্যক্তিকে দু’জন স্বতন্ত্র সাক্ষীকে সনাক্ত করতে হবে। যে ব্যক্তি ব্যাঙ্ক থেকে টাকা তুলবে ব্যাঙ্ক তাকে তার সই দিতে বলবে।


## বার্তা - ৫ ঃ অবসর জীবনের পর উপযুক্ত বিনিয়োগ যোজনা

### প্রবীণ নাগরিক যোজনা



সিনিয়র সিটিজেন সেভিংস স্কীম () ২০০৮, অবসরপ্রাপ্ত ব্যক্তিদের জন্য খুব ভালো বিনিয়োগের রাস্তা। এসসিসি এস ২০১৭ সালের হিসাব সুদের হার ৮.৩% যা প্রতি তিন মাসে প্রদেয়। সুদের আয়ের ওপর প্রচলিত হারে কর দিতে হবে। বিনিয়োগটি ১০০% সুরক্ষিত। কিন্তু বিনিয়োগের সীমা ব্যক্তি প্রতি ১৫ লক্ষ টাকা পর্যন্ত।

### ফিক্সড ডিপোজিট



যাদের আয় বছরে ৫ লক্ষ টাকার কম তাদের জন্য ফিক্সড ডিপোজিট একটি ভালো বিনিয়োগের পথ, কারণ তার ৫% করের আওতায়। যাদের আয় ৫ লক্ষ টাকার বেশী তাদের ফিক্সড ডিপোজিটের সুদের আয়ের ওপর ২০%-৩০% কর দিতে হবে।

### অ্যানুইটি প্ল্যানস



বীমা কোম্পানিগুলির থেকে অ্যানুইটি প্ল্যানস পাওয়া যায়। বিনিয়োগের সময় যেহেতু আয়ের হার নির্দিষ্ট করে দেওয়া হয়, অবসরপ্রাপ্ত ব্যক্তিরা প্রতি মাসে এর থেকে একটি নির্দিষ্ট টাকা আশা করতে পারেন। বার্ষিক প্রাপ্তির জন্য অনেক রকম যোজনা আছে, যেমন ৫, ১০ বা ১৫ বছরের জন্য ফিক্সড ডিপোজিট, বিনিয়োগকারীর মরণোত্তর ধনপ্রাপ্তি, স্বামী-স্ত্রীর জীবন সীমা পর্যন্ত বার্ষিক প্রাপ্তি ইত্যাদি। ব্যাঙ্ক বা ডাকঘর দ্বারা উপস্থাপিত মাসিক আয় যোজনা এটির এক উদাহরণ যেখানে প্রাপ্ত অ্যানুইটির উপর স্ল্যাব দরে কর ধার্য্য হবে।

### রিভার্স মর্টগেজ



যাদের অবসরের পর যথেষ্ট পুঁজি নেই অবসরের পর অতিরিক্ত টাকা উপার্জন করতে পারবেন।

এই যোজনা থেকে অর্জিত অর্থ করমুক্ত হওয়ায় অবসরপ্রাপ্ত ব্যক্তিরা অধিক সুবিধা পাবেন।

## রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার সাম্প্রতিক উদ্যম ঃ প্রবীণ নাগরিকদের জন্য ব্যাঙ্কিং সুবিধা

| | |
|---|---|
| **প্রবীণ নাগরিক ও প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য উৎসর্গীকৃত কাউন্টার-অগ্রগণ্যতা** | ব্যাঙ্কগুলিকে এই মর্মে নির্দেশ দেওয়া হয়েছে যে তারা যেন প্রবীর ব্যক্তিদের ও স্বল্প দৃষ্টিশক্তিসম্পন্ন সহ অন্যভাবে সক্ষম ব্যক্তিদের জন্য ব্যবস্থা করেন স্পষ্টভাবে সনাক্ত করা উৎসর্গীকৃত কাউন্টার বা এমন কাউন্টার যাতে এরা অগ্রগণ্যতা পাবে। |
| **লাইফ সার্টিফিকেট জমা দেওয়ার সুবিধা** | ডিজিটাল লাইফ সার্টিফিকেট 'জীবন প্রমাণ'-এর সুবিধা ছাড়াও পেনশনাররা ব্যক্তিগতভাবে পেনশন দেয় এমন ব্যাঙ্কের যে কোন শাখায় লাইফ সার্টিফিকেট ফর্ম জমা করতে পারেন। যে ব্যাঙ্ক এটি নেবেন তার উচিত তৎক্ষণাৎ কোর ব্যক্তি সলিউশন ( ) সিস্টেমে আপলোড করা যাতে পেনশন পেতে কোন দেরী না হয়। |
| **অ্যাকাউন্টের স্থিতির স্বয়ংক্রিয় পরিবর্তন** | যাদের কে ওয়াই সি আপডেট করা আছে তাদের ক্ষেত্রে ব্যাঙ্কের রেকর্ডে যে বয়স আছে তার ভিত্তিতে অ্যাকাউন্টটি স্বয়ংক্রিয়ভাবে ''সিনিয়র সিটিজেন অ্যাকাউন্টস''-এ পরিবর্তিত হবে। |
| **১৫জি/এইচ ফর্ম নথিবদ্ধ করার সুবিধা** | ব্যাঙ্কগুলিকে নির্দেশ দেওয়া হয়েছে যে তারা যেন বছরে একবার (এপ্রিল মাস অগ্রগণ্য) প্রবীণ নাগরিক এবং অন্যভাবে সক্ষম ব্যক্তিদের, সময়ের মধ্যে, ফর্ম ১৫জি-এইচ জমা দেওয়াতে সক্ষম করেন। |
| **দোরগোড়ায় ব্যাঙ্কিং** | ব্যাঙ্কগুলিতে নির্দেশ দেওয়া হয়েছে যে তারা যেন প্রভূতভাবে চেষ্টা করেন যাতে এমন গ্রাহকদের, ব্যাঙ্কের মূল পরিষেবাগুলি যেমন টাকা বা চেন ইত্যাদি রসিদ দিয়ে নেওয়া, অ্যাকাউন্ট থেকে তোল টাকা দিয়ে আসা, ডিমান্ড ড্রাফ্ট, কে ওয়াই সি-র তথ্যের দস্তাবেজ জমা, লাইফ সার্টিফিকেট, যেন দোরগোড়ায় পৌঁছে দেওয়া হয়। |

### ফর্ম ১৫জি এবং ফর্ম ১৫এইচ

আপনার বয়স যদি ৬০ বছরের বেশী হয় এবং আপনার প্যান (পার্মানেন্ট অ্যাকাউন্ট নাম্বার) থাকে এবং বাৎসরিক কুল আয়ের ভিত্তিতে প্রদেয় কর শূন্য হয় তবে আপনি ফর্ম ১৫এইচ ভরতে পারেন। সেইসব ক্ষেত্রে ব্যাঙ্ক ইনকাম ট্যাক্স রুল, ১৯৬২ অনুযায়ী আপনার জমা টাকা থেকে টিডিএস হিসেবে কিছু কাটবে না। ১৫এইচ ফর্ম জমা দিয়ে ব্যাঙ্ক থেকে প্রাপ্তিস্বীকারের রসিদ নিশ্চয়ই নেবেন। ১৫এইচ যেমন ৬০ বছর বয়সের ঊর্ধ্বে ভারতীয় নাগরিকদের জন্য প্রযোজ্য ১৫জি ফর্ম ৬০ বছর বয়সের নীচের ভারতীয় নাগরিকদের জন্য প্রযোজ্য। ১৫জি ফর্ম পূরণের জন্য একটি অতিরিক্ত বিচারের মান প্রয়োজন যা হলো আপনার সমস্ত উৎস থেকে কুল বাৎসরিক সুদের হার ইনকাম ট্যাক্সের ছাড়ের সীমা (২,৫০,০০০ টাকা ২০১৭-১৮-র জন্য) থেকে কম হবে।

**মনে রাখবেন প্রত্যেক বছর ৩১শে জুলাইয়ের পূর্বে ইনকাম ট্যাক্স রিটার্ন নথিভুক্ত করতে হবে**

ইনকাম ট্যাক্স রিটার্ন ভরতে আপনার যদি কোন সহায়তার প্রয়োজন হয় তবে Website : www.trpscheme.com পরিদর্শন করে ইনকাম ট্যাক্স দ্বারা নিযুক্ত করা অনুমোদিত ইনকাম ট্যাক্স রিটার্ন প্রস্তুতকারকের সাথে যোগাযোগ করুন।

**আরো বিশদ জানতে ওয়েবসাইট ঃ www.incometaxindia.gov.in পরিদর্শন করুন**

# লক্ষ্য-নির্দিষ্ট বিত্তীয় সাক্ষরতার উপাদান

শ্রী দীপক মহান্তি, কার্যবাহী নির্দেশক, ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক, বিত্তীয় অন্তর্ভুক্তির উপর মিডিয়াম টার্ম পাথ নামাঙ্কিত কমিটির সভাপতিত্বকালীন সুপারিশ করেন ''সবার জন্য একই সাইজ'' এই রাস্তা আর্থিক শিক্ষার জন্য হয়তো আদর্শ নয় কারণ বিভিন্ন অভিষ্ট সমষ্টি-দল-এর বিভিন্ন ধরনের আর্থিক শিক্ষার প্রয়োজন। ফলত বিভিন্ন লক্ষিত দলের জন্য তথ্যের বিষয়সূচী আলাদা হওয়ার প্রয়োজন।
বিত্তীয় অন্তর্ভুক্তি এবং উন্নয়ন বিভাগ, ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক আর্থিক সাক্ষরতার বিষয়সূচী আলাদাভাবে পাঁচটি সমষ্টির জন্য তৈরি করছে - কৃষক, ছোট উদ্যোগী, বিদ্যালয়ের ছেলেমেয়ে, স্বনির্ভর গোষ্ঠী, প্রবীণ নাগরিক। এই বইটি আর্থিক সাক্ষরতার উপর এমনই পাঁচটি বইয়ের একটি।

**ডিসক্লেমার**
পাঠকদের আথিক সাক্ষরতা প্রাপ্তির আন্তরিক লক্ষ্যে এই বইটি পড়া ও পড়ানোর জন্য প্রস্তুত করা হয়েছে। এই বইয়ের উদ্দেশ্য নয় কোন পাঠককে বর্ণিত কোন যোজনা বা পরিষেবা সম্বন্ধে প্রভাবিত করা।

কপিরাইট
প্রথম সংস্করণ, এপ্রিল ২০১৮
উৎস স্বীকার শর্তে প্রতিলিপি করাতে কোন আপত্তি নেই

লেখা এবং মুদ্রণ
বিত্তীয় অন্তর্ভুক্তি ও বিকাশ দপ্তর
ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক
১০ম তল, সেন্ট্রাল অফিস বিল্ডিং
শহীদ ভগত সিং মার্গ
ফোর্ট, মুম্বই

কৃতজ্ঞতা স্বীকার
ডিজাইন ঃ কৌশিক রামচন্দ্রন

বিত্তীয় অন্তর্ভুক্তি ও উন্নয়ন বিভাগ
ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক
১০ম তল, সেন্ট্রাল অফিস
মুম্বই - ৪০০ ০০১. ভারত